# পাকিস্তানে পুলিশ স্টেশনে আত্মঘাতী হামলায় নিহত ১৭




ছবি: সংগৃহীত

পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশে একটি পুলিশ স্টেশনে আত্মঘাতী বোমা হামলায় অন্তত ১৭ জন নিহত হয়েছেন। হামলায় আরও কয়েকজন গুরুতর আহত হয়েছেন।

রোববার (২ আগস্ট) সন্ধ্যায় সোয়াত জেলার একটি থানায় এ হামলার ঘটনা ঘটে। প্রাথমিকভাবে নিরাপত্তা বাহিনীর ধারণা, এটি আত্মঘাতী হামলা। হামলাকারীর সঙ্গে আরও কয়েকজন সহযোগী ছিল বলে সন্দেহ করা হচ্ছে। ঘটনার পর পুরো এলাকায় তল্লাশি অভিযান চালানো হচ্ছে এবং হামলার কারণ ও জড়িতদের শনাক্তে তদন্ত শুরু হয়েছে।

স্থানীয় এক পুলিশ কর্মকর্তা জানান, থানায় প্রবেশের সময় এক ব্যক্তিকে সন্দেহজনক মনে হলে তাকে থামিয়ে তল্লাশি করতে যায় পুলিশ। এ সময় ওই ব্যক্তি শরীরে বাঁধা বিস্ফোরকের বিস্ফোরণ ঘটান।

হামলার ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। এক বিবৃতিতে তিনি নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আহতদের দ্রুত চিকিৎসার নির্দেশ দেন।

সাম্প্রতিক সময়ে পাকিস্তানের সীমান্তবর্তী এলাকাগুলোতে সন্ত্রাসী হামলার ঘটনা বেড়েছে। বিশেষ করে সেনাবাহিনী ও পুলিশ সদস্যদের লক্ষ্য করে একের পর এক হামলা চালানো হচ্ছে। এসব হামলার জন্য আফগানিস্তানের তালেবানকে দায়ী করছে ইসলামাবাদ। তবে জঙ্গিগোষ্ঠীকে সহায়তার অভিযোগ বরাবরের মতোই অস্বীকার করেছে তালেবান।

LENS ASIA